দৈনিক বাংলা

তারিখ 12 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

# ছাত্র সংঘর্ষ : পটুয়াখালী ও দিনাজপুর কৃষি কলেজ বন্ধ

শনিবার পটুয়াখালী কৃষি কলেজ এবং দিনাজপুরের হাজী দানেশ কৃষি কলেজে ছাত্র লীগ (শ-অ) ও ছাত্র দলের মধ্যে সংঘর্ষ ও বোমাবাজিতে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কৃষি কলেজ বন্ধ

(প্রথম পৃঃ পর)

২৪ জন ছাত্র আহত হয়। পরিস্থিতির অবনতি ঘটায় দুটি কলেজ কর্তৃপক্ষই অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন।

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা জানান : পটুয়াখালী কৃষি কলেজে শনিবার রাতে দুই দল ছাত্রের মধ্যে বোমাবাজি ও মারামারিতে কমপক্ষে ২০ জন ছাত্র আহত হয়েছে। এ সময় কলেজ ছাত্রাবাসের ১৫টি কক্ষ তছনছ ও অগ্নিসংযোগ করা হয়। পরিস্থিতির চরম অবনতি ঘটলে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন।

গুরুতর আহত ছাত্র লীগের (শা-অ) চার কর্মী গিরিশ চন্দ্র বিশ্বাস, মিজানুর রহমান, হেলাল ও আবদুস সালামকে বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং জাতীয়তাবাদী ছাত্র দলের তিন কর্মী জিএস ফারুক, হাবিবুর রহমান ও এ কে এম শহীদুর রহমানকে পটুয়াখালী সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দিনাজপুর থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, অব্যাহত গোলযোগপূর্ণ পরিস্থিতির কারণে হাজী দানেশ কৃষি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

গত শনিবার বিকাল থেকে দেয়াল লিখনকে কেন্দ্র করে ছাত্র লীগ (শা-অ) ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ শুরু হয়। শনিবার গভীর রাতেও কলেজ ক্যাম্পাসে এক দফা সংঘর্ষ হয়। সংঘর্ষে মোট চারজন ছাত্র আহত হয়। আহতদের মধ্যে ছাত্রদলের দু'জন এবং ছাত্র লীগের (শা-অ) একজনের অবস্থা গুরুতর।